E/Nigar/Biggopti

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন


# বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

পরমাণু ভবন

ই-১২-এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.baec.gov.bd, Fax : 880-2-8181845, 8181842


নং-৩৯.০১.০০০০.২২০.২৯.০০৭.১৩-৩৮০(৩৫)/৪৫৫৫৪ তারিখ ঃ ১১/১২/২০১৮ খ্রিঃ

বিষয় : মহান বিজয় দিবস ২০১৮ যথাযথভাবে উদযাপন উপলক্ষে।

সূত্র : বিপ্রম স্মারক নং- ৩৯.০০.০০০০.০০৪.২৩.০২৬.১৬; তারিখ : ২৯/১১/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ২০১৮ যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে ২৯.১১.২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়সহ সকল কেন্দ্র/প্রতিষ্ঠানে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।

(খ) মহান বিজয় দিবসে ভোরে এইআরই, সাভার হতে এনআইবি এর সাথে যৌথভাবে জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করতে হবে।

(গ) মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে সকল প্রতিষ্ঠানে আলোক সজ্জা করতে হবে।

(ঘ) কমিশনের এইআরই, সাভারে মুক্তিযুদ্ধের উপর ছবি ও পোস্টার প্রদর্শনী, শহীদ মুক্তিযোদ্ধাদের নিয়ে বই লেখা বা স্যুভেনির বের করতে হবে। এইআরই স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন এবং পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে এইআরইতে একজন প্রথিতযশা মুক্তিযোদ্ধাকে প্রধান বক্তা হিসেবে আমন্ত্রণ করে আলোচনা সভার আয়োজন করতে হবে।

(ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষে মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০১৮ খ্রি: তারিখ বিকাল ৩.০০ টায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। কমিশনের এইআরই, সাভার ও ঢাকাস্থ সকল কেন্দ্র/প্রতিষ্ঠানের সকল শ্রেণীর বিজ্ঞানী ও কর্মকর্তা এবং প্রধান কার্যালয়ের সকল বিজ্ঞানী/কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত অনুষ্ঠানে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

১১/১২/১৮

(মোঃ হুমায়ুন কবির)
পরিচালক
প্রশাসন বিভাগ

বিতরণ ঃ

কার্যার্থে ঃ

১। সকল বিভাগীয় পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালকগণ---------- বাপশক, ঢাকা।

২। মহা-পরিচালক/পরিচালক/প্রধানগণ---------- ঢাকাস্থ সকল কেন্দ্র/প্রতিষ্ঠান।

৩। মহা-পরিচালক, এনআইবি, গণকবাড়ী, সাভার, ঢাকা।

৪। পরিচালক, আইসিএস, এইআরই, সাভার, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।

সদয় জ্ঞাতার্থে ঃ

১। চেয়ার্ম্যান, বাপশক, ঢাকা।

২। সদস্য (পরিকল্পনা), বাপশক, ঢাকা।

৩। সদস্য (জীব বিজ্ঞান), বাপশক, ঢাকা।

৪। সদস্য (প্রকৌশল), বাপশক, ঢাকা।

৫। সচিব, বাপশক, ঢাকা।

13/12/2018

13.12.18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd. Fax: 9576538, 9552323

স্মারক নং ৩৯.০০.০০০০.০০৪.২৩.০২৬.১৬- ৮০৭

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৫ / ২৯ নভেম্বর ২০১৮

বিষয়: **মহান বিজয় দিবস ২০১৮ যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে**

মহান বিজয় দিবস ২০১৮ যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষে ২৭ নভেম্বর ২০১৮ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৯/১১/২০১৮

(মোঃ আব্দুস সালাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫১১০৫৩
e-mail: section4@most.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর,আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৬। মহাপরিচালক, ব্যান্সডক, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৭। মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় স্মরণী, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ ওসানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, (বিসিএসআইআর ক্যাম্পাস), ধানমন্ডি, ঢাকা।
৯। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজী, গণকবাড়ী, সাভার, ঢাকা।
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপসচিব (সকল) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিনিয়র সহকারী প্রধান/ সহকারী সচিব (সকল) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
১৬। অফিস কপি।

Member (..........)
Secretary
......,Dhaka
(..........)
PD:CRNPP

02/12/18

Director (Admin)
Photo copy করে Director (Admin), জনাব ... SAO ... প্রদত্ত হউক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd, Fax: 9576538, 9552323

মহান বিজয় দিবস, ২০১৮ যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আনোয়ার হোসেন, সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : ২৭ নভেম্বর ২০১৮, দুপুর ১২:৩০ টা |
| স্থান | : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট- ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি প্রারম্ভিক বক্তব্যে উল্লেখ করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী যুদ্ধ ও বহু ত্যাগের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জিত হয়েছে। তাই কষ্টার্জিত স্বাধীনতার মহান বিজয় দিবস আমাদের অনেক কাঙ্খিত ও গর্বের দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য আমাদের সর্বাত্তক সচেষ্ট থাকতে হবে। এ পর্যায়ে তিনি মহান বিজয় দিবসে ভোরে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন, শহীদ মুক্তিযোদ্ধাদের নিয়ে বই লেখা বা স্যুভেনির বের করা, মুক্তিযুদ্ধের উপর ছবি ও পোস্টার প্রদর্শনী এবং সকল সংস্থা ও শাখা অফিসে, ইনমাসে মহান বিজয় দিবসের অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২. সভাপতি মহান বিজয় দিবস-২০১৮ উদ্‌যাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জাতীয় কর্মসূচীর আলোকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের করণীয় বিষয় সভায় উপস্থাপন করেন। জাতীয় কর্মসূচির আলোকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের করণীয় বিষয়ে আলোকপাত করেন।

১. মহান বিজয় দিবস-২০১৮ যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষে সার্বিক কর্মকান্ড পরিচালনার জন্য কমিটি গঠন;
২. মহান বিজয় দিবস-২০১৮ উদ্‌যাপন উপলক্ষে মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহে জাতীয় পতাকা উত্তোলন (সূর্যোদয়ের সাথে সাথে);
৩. মহান বিজয় দিবসে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকেটে সর্বসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা এবং
৪. মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাগুলোর গুরুত্বপূর্ণ ভবনসমূহে আলোকসজ্জা।

৩. এ প্রসঙ্গে সভাপতি উপস্থাপিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নসহ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে বঙ্গবন্ধুর জীবনী ও মুক্তিযুদ্ধের উপর চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে পুরস্কার প্রদানসহ তিনি মহান বিজয় দিবসের সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদার সাথে পালন করার জন্য সকলকে আন্তরিকতার সাথে কাজ করার জন্য নির্দেশনা দেন।

৪. মহান বিজয় দিবসের আলোকসজ্জা প্রদর্শনী সরেজমিনে পরিদর্শনের জন্য গত বছরের ন্যায় ব্যবস্থা গ্রহণের জন্য ১টি কমিটির রূপরেখা সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) আলোকসজ্জা পরিদর্শন কমিটি:

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব (বিপ্রউ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| ২) যুগ্মসচিব (অধিশাখা-১), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৩) সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| ৪) সচিব, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ | সদস্য |
| ৫) পরিচালক (চলতি দায়িত্ব), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | সদস্য |
| ৬) সহকারী সচিব, শাখা-৪, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

কার্যপরিধিঃ

...সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন পেশ করবে।

(খ) মহান বিজয় দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থায় (সূর্যোদয়ের সাথে সাথে) জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। এ বিষয়ে সংস্থা প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) মহান বিজয় দিবসে ভোরে এনআইবি ও এইআরই থেকে সাভার জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান, বাপশক এবং মহাপরিচালক, এনআইবি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) মহান বিজয় দিবসের দিনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকেটে সর্বসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) মহান বিজয় দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে সকল সংস্থায় আলোক সজ্জা করতে হবে। এ বিষয়ে সংস্থা প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(চ) মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থায় মুক্তিযুদ্ধের উপর ছবি ও পোস্টার প্রদর্শনী, শহীদ মুক্তিযোদ্ধাদের নিয়ে বই লেখা বা স্যুভেনির বের করতে হবে। স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন এবং পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ছ) আগামী ১০ ডিসেম্বর থেকে যে কোন দিন সংস্থাসমূহে আলাদা-আলাদা ভাবে আলোচনা সভার আয়োজন করতে হবে। এ ক্ষেত্রে কোন প্রথিতযশা মুক্তিযোদ্ধাকে আলোচক হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে।

(জ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষে মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০১৮ তারিখ বিকাল ৩.০০ টায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে আলোচনা সভা ও সিম্পোজিয়ামের আয়োজন করা হবে। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনোয়ার হোসেন)
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়